



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৩৮

চাল বিতরণে অনিয়ম সহ্য করা হবে না

---খাদ্যমন্ত্রী

রাজশাহী; ১৩ ভাদ্র (২৮ আগস্ট):

খাদ্যবান্ধব এবং ওএমএসের চাল বিতরণে কোন অনিয়ম সহ্য করা হবে না বলে মন্তব্য করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

তিনি আজ রবিবার (২৮ আগস্ট) বিকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে ওএমএস ও খাদ্য বান্ধব কর্মসূচির ডিলার, বিএডিসি ও বিসিআইসি সার ডিলারদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন।

খাদ্যমন্ত্রী বলেন, দেশে সব রকমের সারের পর্যাপ্ত মজুত রয়েছে। দেশে সারের অভাব- এ ধরনের গুজব সৃষ্টি করে কিছু অসাধু ডিলার সুযোগ নিচ্ছে। তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, অহেতুক অস্থিরতা তৈরি করলে কেউই রেহাই পাবে না।

সাধন চন্দ্র মজুমদার বলেন, যিনি যে এলাকায় ডিলারশীপ নিয়েছেন তাকে সে এলাকায় সার বিক্রি নিশ্চিত করতে হবে। প্রতিদিন কী পরিমাণ বিক্রি হলো কী পরিমাণ অবশিষ্ট থাকল তা নিয়মিতভাবে রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

খাদ্যমন্ত্রী বলেন, খাদ্য বান্ধব এবং ওএমএস কার্যক্রম সেপ্টেম্বর মাসের ১ তারিখ থেকে জেলা, উপজেলা ও পৌর এলাকায় শুরু হবে। খাদ্যবান্ধব এবং ওএমএস এর চাল বিতরণে যেন কোনো অনিয়ম না হয় তা নিশ্চিত করতে প্রশাসনের কর্মকর্তাদের নির্দেশ দেন মন্ত্রী।

মন্ত্রী বলেন, ইউক্রেন-রাশিয়া যুদ্ধের প্রভাব পড়েছে বিশ্বজুড়ে। বাংলাদেশেও প্রভাব পড়েছে। তিনি বলেন, বিরূপ আবহাওয়া হলে আমনের উৎপাদন কম হতে পারে সেজন্য আমরা সতর্কতা হিসেবে বিদেশ থেকে চাল আমদানি করছি। ইতিমধ্যে বেসরকারি চাল আমদানির ক্ষেত্রে ১০ শতাংশ রেগুলেটরি ট্যাক্স কমিয়েছি, আজই হয়ত গেজেট জারি হবে। তাছাড়া আমাদের খাদ্য মজুতও পর্যাপ্ত রয়েছে।

তিনি আরও বলেন, বিএনপির আমলে সারের জন্য ১৯জন কৃষককে হত্যা করা হয়েছে। বর্তমান সরকার সারে ভর্তুকি দিচ্ছে উল্লেখ করে তিনি বলেন, কৃষক যাতে ভর্তুকির সুবিধা পায় তা নিশ্চিত করা হবে। কোথাও অবৈধ সারের মজুত পাওয়া গেলে প্রকৃত কৃষকের মধ্যে তা বিনামূল্যে বিতরণ করা হবে বলে ঘোষণা দেন মন্ত্রী।

সভায় জেলা প্রশাসক খালিদ মেহেদি হাসানের সভাপতিত্বে বক্তব্য রাখেন পুলিশ সুপার রাশিদুল হক, রাজশাহী আঞ্চলিক খাদ্য কর্মকর্তা ফারুক হোসেন পাটোয়ারী, নওগাঁ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক আবু হাসান, সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান মো: রফিকুল ইসলাম রফিক প্রমুখ।

মতবিনিময়সভায় জানানো হয় নওগাঁ জেলায় ১ লাখ ১৯ হাজার ভোক্তা খাদ্য বান্ধব এবং ওএমএস কর্মসূচির আওতায় স্বল্পমূল্যে চাল ক্রয়ের সুবিধা পাবেন।

অনুষ্ঠানে নওগাঁ জেলার সকল উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারসহ ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার, বিএডিসি ও বিসিআইসি সার ডিলারবৃন্দ উপস্থিত ছিলেন। ##

তৌহিদ/আতিক/সিকান্দার/রুহুল/রোকন/হালিম/২০২২/১৮.০০ঘ.